# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২,ঢোলাদিয়া রোড,কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)
**E-mail : chairmanbisemym@gmail.com,**
www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং- মশিবো/বি/১৫/২০২৬/১৩৫২ তারিখ: ০৪/০১/২০২৬ খ্রি.

## জরুরী বিজ্ঞপ্তি

**বিষয় ঃ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যরনরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (২০২৫ সালের নবম শ্রেণির শিক্ষার্থী) অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের লক্ষ্যে ফি সমূহ সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় নিম্নেবর্ণিত জরুরি নির্দেশাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

### জরুরী নির্দেশাবলি

i. বোর্ড রেগুলেশনের ৩৯(২) ধারা অনুযায়ী ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন ছাত্র/ছাত্রী নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২৩ বছর;

ii. জনপ্রতি রেজিস্ট্রেশন ফি : ক) বিলম্ব ফি ব্যতিত জনপ্রতি ৩১৬/- (তিনশত ষোল) টাকা ;
খ) বিলম্ব ফি সহ জনপ্রতি ৩৬৬/- (তিনশত ছেষট্টি) টাকা ;

iii. বিলম্ব ফি জনপ্রতি : ৫০/- (পঞ্চাশ) টাকা ;

iv. সকল শিক্ষা প্রতিষ্ঠানের হালসন নাগাদ স্বীকৃতি থাকতে হবে এবং বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না;

v. নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই রেজিস্ট্রেশনভুক্ত করা যাবে না। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

vi. ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের **(www.mymensingheducationboard.gov.bd) Our Services এ গিয়ে Institute Panel এ প্রবেশ করে স্ব স্ব প্রতিষ্ঠানের** EIIN এবং বোর্ড হতে প্রদানকৃত Password দিয়ে লগইন করতে হবে। তারপর Registration অপশনে গিয়ে Nine 2025 বাটনে Click করতে হবে। এরপর Add New Student বাটনে Click করলে একটি তথ্য ফরম দৃশ্যমান হবে। প্রয়োজনীয় তথ্যানুযায়ী শিক্ষার্থীর Jsc Roll, Jsc Reg. No. Jsc Board ও Jsc Passing Year পূরণ করে Submit করতে হবে। এভাবে পূনঃপুন সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। সকল রেজিস্ট্রেশন সম্পন্নের পর শিক্ষার্থীদের তালিকা Print Non Final Student List এ চলে যাবে। অতঃপর Print Non Final Student List পর্যবেক্ষণের পর শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ফি প্রদান করতে হবে। ফি প্রদানের জন্য Payment গেটওয়ে বাটনে Click করে ফি প্রদান করতে হবে। ফি প্রদানের পর Print Final Student List এ Final Submit বাটনে Click করতে হবে। পরবর্তীতে Print Final Student List বাটনে Click করে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা প্রিন্ট করতে হবে।

vii. রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | ফি এর বিবরণ | ফি এর পরিমাণ |
|---|---|---|
| ০১ | অনলাইন রেজিস্ট্রেশন ফি | ১০০/- |
| ০২ | ক্রীড়া ফি | ৫০/- |
| ০৩ | রেড ক্রিসেন্ট ফি | ১৬/- |
| ০৪ | বয়েজ স্কাউট ফি | ২৫/- |
| ০৫ | গার্লস গাইড ফি | ১৫/- |
| ০৬ | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ০৫/- |
| ০৭ | বি.এন.সি.সি. ফি | ০৫/- |
| ০৮ | বেসরকারী অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | ১০০/- |
| ০৯ | বিলম্ব ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৫০/- |
| | বিলম্ব ফি ব্যতীত শিক্ষাখী প্রতি মোট ফি | ৩১৬/- |
| | বিলম্ব ফি সহ শিক্ষাখী প্রতি মোট ফি | ৩৬৬/- |

* শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থী প্রতি ৪০/- (চল্লিশ) টাকা হারে রেডক্রিসেন্ট ফি আদায় করবেন। উক্ত ৪০/- (চল্লিশ) টাকার মধ্যে ২৪/- (চব্বিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ১৬/- (ষোল) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

viii. অনলাইন শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্নের পর (অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে ভালভাবে চেক করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের সংযুক্ত করা যাবে না) চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীদের তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;

ix. উর্পযুক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

x. রেজিস্ট্রেশন ও ফি জমা দেয়ার সময়সূচি ঃ

| | |
|---|---|
| বিলম্ব ফি ব্যতীত নিবন্ধন ফি জমা এবং নিবন্ধনের সময়সীমা | ০৫/০১/২০২৬ খ্রি. হতে ৩১/০১/২০২৬ খ্রি. পর্যন্ত |
| বিলম্ব ফি সহ নিবন্ধন ফি জমা এবং নিবন্ধনের সময়সীমা | ০১/০২/২০২৬ খ্রি. হতে ১০/০২/২০২৬ খ্রি. পর্যন্ত |

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৪/০১/২৬

(ফেরদৌস আহম্মদ ভূইয়া)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং- মশিবো/বি/১৫/২০২৬/১৩৫২ তারিখঃ ০৪/০১/২০২৬ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. সহকারী প্রোগ্রাম, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. পি এস-টু চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭. অফিস কপি।

০৪/০১/২৬

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।